

# নতুন বছরে নতুন শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি

শিক্ষামন্ত্রী

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, শুক্রবার, ০১ জানুয়ারী ২০২১

নতুন বছরের  
জানুয়ারিতে  
নতুন  
শিক্ষাপ্রতিষ্ঠান  
এমপিওভুক্তির  
ঘোষণা দিয়েছেন  
শিক্ষামন্ত্রী ডা.  
দীপু মনি। তিনি  
বলেন,



গতকাল গণভবন থেকে প্রধানমন্ত্রীর  
বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ  
কমসচিব উদ্বোধনকালে বঙ্গবন্ধু  
আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিতরণ  
করা বই হাতে শিক্ষার্থীরা

‘বেসরকারি  
শিক্ষাপ্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও  
নীতিমালা চূড়ান্ত হয়েছে। জানুয়ারিতে (চলতি  
মাস) নতুন শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির  
আবেদন আহ্বান করা হবে।’

তিনি গতকাল রাজধানীর বঙ্গবন্ধু  
আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বই উৎসবের  
উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন। প্রধানমন্ত্রী  
শেখ হাসিনা তার সরকারি বাসভবন গণভবন  
থেকে ভারুয়ালি যুক্ত হয়ে বই উৎসবের  
উদ্বোধন করেন।

প্রধানমন্ত্রীর পক্ষে প্রাথমিক ও গণশিক্ষা  
প্রতিমন্ত্রী জাকির হোসেন প্রাথমিক  
শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন। অনুষ্ঠানে  
প্রধানমন্ত্রী কার্যালয় থেকে ভারুয়ালি বক্তব্য  
রাখেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমেদ  
কায়কাউস।

এর আগে গত ২৯ ডিসেম্বর এক ভারুয়ালি  
প্রেস ব্রিফিংয়ে শিক্ষামন্ত্রী বলেছিলেন, চলতি  
অর্থবছরে (২০২০-২১) এমপিওভুক্ত করা

সম্ভব হবে না। আগামী জুনের পর চলে যাবে।  
তবে এর আগে আবেদন নেয়া শুরু করব।